দুরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

## কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -

তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ২৭

তাং - ৩০।১০।২০১৭

সময়ঃ বেলা ২ টা

স্থানঃ পৌরসভা সভা কক্ষ

আলোচ্য বিষয়ঃ

(১) বিগত সভার (২৬ নং)কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত।

(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

(৫) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়ক।

(৬) বিবিধ।

উপস্থিতিঃ

- পৌরপ্রধানঃ শ্রী রথীন ঘোষ
- উপ পৌরপ্রধানঃ শ্রী সুদীপ মিত্র

অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ

- শ্রীমতী ফরিদা বিবি
- মহঃ নজরুল ইসলাম
- মহঃ জুম্মান আলী
- শ্রীমতী মমতা রায় সেন
- শ্রী অমিত রায় চৌধুরী
- শ্রী আশীষ মল্লিক
- শ্রী পঙ্কজ কান্তি চন্দ
- শ্রীমতী মীরা দাস
- শ্রী সনৎ বিশ্বাস
- শ্রীমতী সুতপা ব্যানার্জী
- শ্রীমতী বর্ণালী দাস বিশ্বাস
- শ্রী শ্যামল দাশগুপ্ত
- শ্রী সুশান্ত রায়
- শ্রীমতী সোমা মন্ডল
- শ্রী কিশোর কুমার রায়
- শ্রীমতী রাধারানী দত্ত
- শ্রী অরবিন্দ মিত্র
- শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
- শ্রীমতী আত্রেয়ী গুহ
- শ্রী নিমাই চন্দ্র ঘোষ
- শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
- শ্রীমতী দীপান্বিতা দত্ত
- শ্রী প্রকাশ রাহা
- শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস
- শ্রীমতী ষষ্ঠী বৈরাগী

অন্যান্য উপস্থিতিঃ

- শ্রী নীরজ কুমার মুখার্জী - নির্বাহী আধিকারিক
- শ্রী রাজেন্দ্র নাথ মাহাত - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনায় CIC সদস্য জানাবেন।

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন নির্মল বাংলা প্রকল্পে শৌচালয় পেয়েছে। বারংবার বলা সত্ত্বেও করছে না।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন বুঝিয়ে বলুন শৌচালয়ের উপকারিতা সম্বন্ধে।

শ্রী প্রকাশ রাহা বলেন ২০ নং ওয়ার্ডে দিলীপ ব্যানার্জীর বাড়ীর সামনের রাস্তা নিয়ে সমস্যা হচ্ছে। বিষয়টা মিটিয়ে দেওয়ার জন্য প্রস্তাব দেন।

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন সমস্যা আছে শুনেছি। ওরা মিটিয়ে নেবে বলেছিল। ওদের সাথে কথা বলে সমস্যা সমাধানের চেষ্টা করা হবে বলে জানান।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন প্রতি মাসে কয়টি করে প্ল্যান, License ও Mutation ওয়ার্ডে হচ্ছে তার তালিকা কাউন্সিলরদের দেওয়ার কথা ছিল । কিন্তু এখনও একটাও পায়নি বলে জানান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন দেওয়ার সিদ্ধান্ত হয়েছিল। কার্য্যনির্বাহী আধিকারিককে বিষয়টি দেখার জন্য বলেন।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান গত সভার (২৬ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোন প্রকার আপত্তি বা মতামত না জানানোয় গত সভার (২৬নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ADP (2017 - 18) তহবিলের কাজে যে সমস্ত কাউন্সিলররা এখনও ওয়ার্ড কমিটির সভায় অনুমোদন করে কাজের scheme জমা দেন নি তাদের আগামী পাঁচদিনের মধ্যে scheme জমা দিতে বলেন।

আরো বলেন House for All Project এ বাড়ী তৈরীর সাথে রাস্তা উন্নয়নে ২৭ টি ওয়ার্ডে (২৮ নং ছাড়া) Concrete এর রাস্তা তৈরীর জন্য ৫৭ লক্ষ টাকা অনুমোদিত হয়েছে সেই কাজ ও দ্রুত শুরু হবে।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(১) ১লা অক্টোবর ২০১৭ হতে ৩১ শে মার্চ ২০১৮ পর্যন্ত পাইপ লাইন , পাম্প, গভীর নলকূপ, ভাল্ব চেম্বার, চাতাল নির্মান ও রিপেয়ারিং মেইনটেন্যান্স, হসপিটাল, হাউ, পাম্প হাউস, স্ট্রীট ট্যাপ রিপেয়ারিং মেইনটেন্যান্সের জন্য Tender No. MM/WS/NIT/Main/1934/17-18, dt. 11.09.2017 অনুমোদিত হলো।

(খ) মধ্যমগ্রাম পৌরসভার নিম্নলিখিত টেন্ডারগুলি অনুমোদিত হলো, যা 14th F.C. (2017 - 18) Fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(i)MM/EL/Chair/NIT/1909/17 - 18, Dt. 08.09.17 - Rs. 466760.00
(ii)MM/EL/Chair/NIT/1907/17 - 18, Dt. 08.09.17 - Rs. 439607.00

(৫) মধ্যমগ্রাম পৌরসভার শ্মশানে রক্ষণাবেক্ষনের কাজে গত ১৫ মাসে ১৬টি বৈদ্যুতিক Coil পরিবর্তন করা হয়েছে, যা গত ২৮.০৪.২০১৭ তারিখের সাধারণ সভায় সিদ্ধান্ত অনুযায়ী KMDA নির্দ্ধারিত মূল্যে আদেশনামা : MM/EL/Chair/WO/1876/17-18, dt. 04.09.17 তে 440000.00 টাকা অনুমোদিত হলো , যা Pro poor Own Fund (2017 - 18) থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(৬) মধ্যমগ্রাম চৌমাথায় আলোকিত করার উদ্দেশ্যে একটি ১২ মিঃ হাই মাষ্ট লাগানোর জন্য Tender No. MM/EL/Chair/2176/17-18, dt. 25.10.2017 তে ৩৯৮২০০.০০ টাকা অনুমোদিত হলো , যা ADP, Pro poor Own Fund (2017 - 18) থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(গ) রাজ্য সরকার হইতে প্রাপ্ত গ্রীন সিটি প্রকল্পের অনুমোদিত প্রথম পর্যায়ের LED Street Light এর কাজ গত ২৫.০৯.২০১৭ তারিখে মহাপঞ্চমীর দিনে উদ্বোধনের দিনে সম্পন্ন হয়েছে। আজকের সভায় দ্বিতীয় পর্যায়ের গ্রীন সিটি প্রকল্পের মাধ্যমে প্রায় ২০০০ পোল বিশিষ্ট প্রকল্প একই কাজের প্রায় পাঁচ কোটি বিয়াল্লিশ লক্ষ টাকার প্রাককলন MED দ্বারা Vetting এর পর অনুমোদনের জন্য জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

(ক) মাননীয় CIC সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন অজানা জর ও ডেঙ্গু বিক্ষিপ্তভাবে ঘটলেও এখনও আয়ত্তের মধ্যে আছে। দপ্তরগতভাবে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ হচ্ছে। মশক নিবারণে Temephis Spray করার সাথে সাথে Fogging Machine এর সাহায্যে ধোঁয়া দেওয়া হচ্ছে।আমরা আরো ১০ টি Fogging Machine ক্রয় করার পরিকল্পনা গ্রহণ করেছি। Spray Oil এবং ব্লিচিং ও চুন পর্যাপ্ত পরিমানে দেওয়া হবে।কাউন্সিলরদের উদ্দেশ্যে বলেন ওয়ার্ড সুপারভাইজার ও ওয়ার্ডে কর্মরত শ্রমিকদের সাথে বসে পরিকল্পনা করে আরো ভালভাবে পরিষ্কার পরিচ্ছন্নতা ও ড্রেন সাফাইয়ের কাজ করার উদ্যোগ নিন।দেখবেন কোথাও যেন জল না জমে । প্রয়োজনে Pump Machine লাগিয়ে জল তুলে ফেলার ব্যবস্হা করা হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ওয়ার্ডে যে সমস্ত ফাঁকা জমিতে জঞ্জাল গাছপালা আছে সেগুলি চিন্হিত করে নোটিশ পাঠান। আমরা নোটিশ দিয়ে দেব। পরিষ্কার করার জন্য উদ্যোগ নিন। মালিককে না পেলে পৌরসভাগতভাবে পরিষ্কারের উদ্যোগ নিতে হবে বলে জানান।

শ্রী অমিত রায় চৌধুরী বলেন তাঁর ওয়ার্ডে বেশ কিছু নিচু জায়গায় জল জমে আছে।ওয়ার্ডে ডেঙ্গু জ্বর অনেকের আছে। মশার তেল, চুন , ব্লিচিং প্রয়োজন বলে জানান।

CIC সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন দপ্তরে লিখে দেবেন। সব জিনিস পেয়ে যাবেন।

(৬) বিবিধঃ

(১) পৌরসভার ৮ নং ওয়ার্ডের অন্তর্গত বাদু রোডের ধারে শ্রীনগর আমরা কজন ক্লাবের সন্নিকটে (মৌজা-দোহাড়িয়া, জে.এল. নং- ৪৫, দাগ নং - ৫০৭, ৫০৮, ,আর. এস. নং - ১৩২ ও ১৩৯) NLCP এবং NULM প্রকল্পে " Child Labour School & Night Shelter For Home Less People" দের জন্য যে G+4 Building করার কথা ছিল সেই প্রকল্পের Estimate Vetting করার জন্য Municipal Engineering Directorate কে পাঠালে তারা জানায় Building Rule permit না করার জন্য G+2 এর বেশী করা যাবে না।সেই জন্য আর্থিক ভাবে দুর্বল মানুষদের কথা বিবেচনা করে পৌর বোর্ডে আলোচনার ভিত্তিতে সর্ববসম্মত সিদ্ধান্ত হয় G+4 অনুমোদনের জন্য রাজ্য সরকারের পৌর ও নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন করা হবে।

(২) এয়ারপোর্ট সংলগ্ন পৌরএলাকা আরো দ্রুত পরিষ্কার করার লক্ষে HYDRAULIC DUMPER, MOVABLE COMPACTOR, BATTERY OPERATED TIPPER, TRI CYCLE PADDLE VAN , GARBAGE TRAILOR ক্রয় করার জন্য e tender আহ্বান করার পর গৃহীত দরসাপেক্ষে নিম্নলিখিত যে Work Order গুলি দেওয়া হয়েছিল তা অনুমোদিত হল। ব্যয় Urban Development & Municipal Affairs অনুমোদিত তহবিল থেকে করা হবে।

| | | |
|---|---|---|
| (i) | MM/Chair/1521/2017 - 18, dt. 09.08.17 | Amount : Rs. 6260000.00 |
| (ii) | MM/Chair/1522/2017 - 18, dt. 09.08.17 | Amount : Rs. 1500000.00 |
| (iii) | MM/Chair/1523/2017 - 18, dt. 09.08.17 | Amount : Rs. 1102500.00 |
| (iv) | MM/Chair/1524/2017 - 18, dt. 09.08.17 | Amount : Rs. 840000.00 |
| (v) | MM/Chair/1536/2017 - 18, dt. 11.08.17 | Amount : Rs. 2531792.00 |

(৩)) দরপত্র আহ্বান করে নিম্নলিখিত order এর মাধ্যমে যে সমস্ত দ্রব্য ক্রয় করা হয়েছিল তাহা তহবিলসহ অনুমোদিত হল।

| | | | |
|---|---|---|---|
| (1) | MM/2586/Electric/17/2017-18, dt. 04.09.17<br>Fund : 14th Finance Commission (2017 - 18) | Amount : | 36500.00 |
| (2) | MM/2587/Conservancy/08/2017 - 18, dt. 04.09.17<br>Fund : Own Fund (2017 - 18) Conservancy | Amount : | 192000.00 |
| (3) | MM/2588/Conservancy/09/17 - 18, dt. 07.09.17<br>Fund : Own Fund (2017 - 18) Conservancy | Amount : | 30000.00 |
| (4) | MM/2589/Repair/01/2017 - 18, dt. 13/09/17<br>Fund : Own Fund (2017 - 18) | Amount : | 73700.00 |
| (5) | MM/2591/Conservancy/11/2017-18, dt. 22/09/17<br>Fund : Own Fund (2017 - 18) Conservancy | Amount : | 27000.00 |
| (6) | MM/2592/Garden/02/2017-18, dt. 25/09/17<br>Fund : Own Fund (2017 - 18) | Amount : | 33125.00 |
| (7) | MM/2593/Conservancy/12/2017-18, dt. 09/10/17<br>Fund : Own Fund (2017 - 18) Conservancy | Amount : | 40000.00 |
| (8) | MM/2594/Conservancy/13/2017-18, dt. 09/10/17<br>Fund : Own Fund (2017 - 18) Conservancy | Amount : | 40000.00 |
| (9) | MM/2595/Conservancy/14/2017-18, dt. 09/10/17<br>Fund : Own Fund (2017 - 18) Conservancy | Amount : | 285000.00 |